পাঠ মূল্যায়ন-০২

শ্রেণি: দশম

বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড-১৪৩

সময়: ৩ ঘণ্টা পূর্ণমাণঃ ১০০

<u>ক বিভাগ: সৃজনশীল প্রশ্ন (নম্বর-৭০)</u>

১। তিন বন্ধু রহিম, করিম ও মুবিন ব্যবসায়িক অংশীদার । যৌথভাবে ব্যবসায় পরিচালনা করলেও নিজেদের মধ্যে মতবিরোধ লেগেই থাকে। "চুক্তিই অংশীদারি কারবারের মূল ভিত্তি" বিষয়টি তাদের মধ্যে পারস্পরিক বিরোধ সমাধানের পথ খুলে দেয়। তারা নিজেদের মধ্যে একটি লিখিত চুক্তি সম্পাদন করেন।

ক. কত সালের আইন দ্বারা অংশীদারি ব্যবসায় পরিচালিত হয়? ১

খ. অংশীদারি ব্যবসায়ের দুটি সুবিধা বর্ণনা কর। ২

গ. অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্রে কী কী বিষয় উল্লেখ থাকে? ৩

ঘ. লিখিত চুক্তি পারস্পরিক বিরোধ সমাধানের উপায়- ব্যাখ্যা কর। ৪

২। জনাব ইয়াসিন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়িক কর্মকাণ্ড সম্প্রসারিত করার জন্য ব্যাংক থেকে ঋণ নিয়ে পরিকল্পনা অনুয়ায়ী কাজ শুরু করেন। অর্থের যথাযথ ব্যবহারের মাধ্যমে তিনি ব্যবসায়কে দ্রুত সম্প্রসারণ করেন এবং এর সফলতাও বৃদ্ধি পেতে থাকে।

ক. সমন্বয়সাধন কী? ১

খ. অর্থ ছাড়া ব্যবসায় সম্প্রসারণ সম্ভব নয়-ব্যাখ্যা কর। ২

গ. জনাব ইয়াসিন কোন ধরনের উৎস থেকে অর্থ সংগ্রহ করেন তা বর্ণনা কর। ৩

ঘ. জনাব ইয়াসিনের মতো ব্যবসায়ীদের ব্যবসার সম্প্রসারণে অর্থ কী ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর। ৪

৩। মার্বেল গার্মেন্টসে ১২০০ জন কর্মী কাজ করে। তাদের অতিরিক্ত চাপ দিয়ে সর্বদা কাজ করিয়ে নিতে হয়। এতে কোম্পানীর উৎপাদনের মাত্রা ব্যাপকভাবে কমে যাওয়ায় লোকসান হচ্ছে। তাই কোম্পানি নেতৃত্বের ধরন পরিবর্তনের আগ্রহ প্রকাশ করছে।

ক. মুক্ত নেতৃত্ব কী? ১

খ. নেতৃত্বের গুণাবলির আবশ্যকতা কী? ব্যাখ্যা কর। ২

গ. মার্বেল গার্মেন্টসে কী ধরনের নেতৃত্ব বিদ্যমান? বর্ণনা কর। ৩

ঘ. মার্বেল গার্মেন্টসের লোকসান হ্রাসে প্রতিষ্ঠানে কীরূপ নেতৃত্বে গ্রহণ করা যেতে পারে? বিশ্লেষণ কর। ৪

৪। শহিদুল ইসলাম টঙ্গীর একটি বেসরকারী প্রতিষ্ঠানে চাকরির পাশাপাশি ঝুট ব্যবসা করেন। তিনি বিভিন্ন গার্মেন্টস থেকে একেক সময় একেক ধরনের ঝুট কাপড় ক্রয় করেন। এগুলো তিনি সাইজ অনুযায়ী বিভিন্ন শ্রেণিতে ভাগ করে ঢাকার পাটুয়াটুলীতে যারা বাচ্চাদের কাপড়-চোপড় তৈরি করেন তাদের কাছে সরবরাহ করেন। । পাটুয়াটুলীর ব্যবসায়ীরা এগুলো দিয়ে নতুন পণ্য তৈরি করে বাজারে বিক্রি করেন। এসব কাপড়-চোপড় দেশের বর্ধিত চাহিদার অনেকটাই পূরণ করছে।

ক. ভোক্তা কে? ১

খ. গুদামজাতকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের শহিদুল ইসলাম ঝুট কাপড় সংগ্রহের পর বিপননের কোন কাজটি সম্পাদন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পাটুয়াটুলীর ব্যবসায়ীরা ঝুট কাপড়গুলোকে কোন ধরনের পণ্য হিসেবে বিক্রয় করেন? এর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৫। জনাব মতিয়ার একজন বেসরকারি প্রতিষ্ঠানের মালিক। তিনি তার প্রতিষ্ঠানে উৎপাদিত পাউরুটি, কেক, বিস্কুট ইত্যাদি আর্কষণীয়ভাবে প্যাকেটজাত করেন। এরপর নিজস্ব দোকানে রেখে বিক্রয়ের ব্যবস্থা করেন।

ক. বিপণন কী? ১

খ. পর্যায়িত করণ কী ? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মতিয়ার কোন বণ্টন প্রণালি ব্যবহার করে পণ্য বিক্রি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব মতিয়ারের পণ্য মোড়ককিকরনের যৌক্তিকতা বিশ্লেষণ কর? ৪

৬। বাংলাদেশের বিশাল কর্মক্ষম বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের জন্য চাকরির পাশাপাশি আত্মকর্মসংস্থান প্রয়োজন। আত্মকর্মসংস্থানের বেশ কিছু উপযুক্ত ও লাভজনক ক্ষেত্র রয়েছে। এসব ক্ষেত্র নির্বাচনের সময় শিল্পোদ্যোক্তাকে কিছু বিষয় লক্ষ্য রাখতে হয়।

ক. জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান শতকরা কত ভাগ? ১

খ. চাকরি ও আত্মকর্মসংস্থানের ২টি পার্থক্য লিখ। ২

গ. বাংলাদেশের উদ্যোক্তারা আত্মকর্মসংস্থানের ক্ষেত্র নির্বাচনে কি কি বিষয় বিবেচনা করেন? আলোচনা কর। ৩

ঘ. বাংলাদেশের বেকার সমস্যা লাঘবে আত্মকর্মসংস্থান কতটা অবদান রাখতে সক্ষম বলে তুমি মনে কর? ৪

৭। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে ব্যবসায় উদ্যোগের অবদান অসীম। এর মাধ্যমে উদ্যোক্তাগণ নব নব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নতুন নতুন পণ্য উৎপাদন করছে। ফলে ভোক্তারা নতুন পণ্য পাওয়ার পাশাপাশি চাহিদাও পূরণ করতে পারছে।ব্যবসায় উদ্যোগের ফলে নতুন নতুন কার্মসংস্থান সৃষ্টি হচ্ছে।

ক. ব্যবসায় উদ্যোগ এর ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. ব্যবসায় উদ্যোক্তার গুণাবলি ব্যাখ্যা কর। ২

গ. কীভাবে উদ্যোক্তাগণ নব প্রযুক্তির ব্যবহার করে নতুন পণ্য উৎপাদন করছে বিশ্লেষণ কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের অবদান মূল্যায়ন কর। ৪

খ বিভাগ: সংক্ষিপ্ত প্রশ্ন (নম্বর-৩০)

৮। সংক্ষিপ্ত উত্তর দাও:

১) সাধারণ কাচের গ্লাস দ্বারা বিভিন্ন রকমের পণ্য সাজিয়ে রাখা কোন ধরনের বিজ্ঞাপন?

২) শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা কোনটি?

৩) প্রক্রিয়া সহজ ও বিক্রয় কার্যে গতিশীলতা বৃদ্ধি পায় কিসের ফলে?

৪) যে প্রক্রিয়ায় পণ্য বা সেবা উৎপাদনকারী থেকে ভোক্তার হাতে পৌঁছে তাকে কী বলে?

৫) কর্মীদেরকে কাজের প্রতি আগ্রহী করার প্রক্রিয়াকে বলা হয়-

৬) কড়া মনিটরিং ফ্রানসাইজিং ব্যবসায়ের-

৭) কোম্পানি আইন অনুযায়ী বাংলাদেশে কোন ব্যাবাসায়ের নিবন্ধন বাধ্যতামূলক?

৮) বিপণনের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ হল-

৯) বাটা সু কোং কোন জাতীয় ব্যবসায় সংগঠন?

১০) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আত্মকর্মসংস্থানের জন্য কোন ধরনের প্রশিক্ষণ দিকে থাকে?

১১) শিল্পোদ্যোক্তা কোন বিষয়ে সজাগ থাকলে ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে সংকট এড়ানো যায়?

১২) আমাদের দেশে সাধারণ শিক্ষা ব্যবস্থায় কোন বিষয়টি অন্তর্ভুক্ত নেই?

১৩) উৎপাদিত সামগ্রী পুনরায় উৎপাদন কাজে ব্যবহৃত হয় কোন শিল্পে?

১৪) কিসের মাধ্যমে ব্যবসায়ের ঝুঁকি নিরূপণ করা যায়?

১৫) উদ্যোক্তার নিয়ন্ত্রণ বহির্ভূত প্রভাবক কোনটি?

১৬) বণ্টন প্রণালীর সর্বশেষ সংযোগকারী কে?

১৭) নিজের অভিজ্ঞতা ও অন্যের অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ এবং নিজের কর্মক্ষেত্রে প্রয়োগ উদ্যোক্তার কেমন গুণ?

১৮) শিল্পের প্রয়োজনীয় কাঁচামাল কোন পরিবেশ থেকে সংগ্রহ করা হয়?

১৯) কোন প্রকার নেতৃত্বে অধীনস্থরা অবাধ স্বাধীনতা ভোগ করে?

২০) প্রশিক্ষণ কর্মীর কর্মদক্ষতা বৃদ্ধির সাথে সাথে কোনটির সদ্ব্যবহার করে থাকে?

২১) অংশীদারদের মধ্যে লাভ-লোকসান বণ্টনের অনুপাত উল্লেখ থাকে কোথায়?

২২) পণ্য উৎপাদন বা সেবা প্রদানের উদ্দেশ্যে মূলধন বিনিয়োগের প্রস্তাবই-

২৩) কোনটির মাধ্যমে প্রতিষ্ঠানের সকলে মিলেমিশে একটি দলে পরিণত হয়?

২৪) পরিকল্পনা অনুযায়ী ব্যবসায় সংগঠনকে লক্ষ্যের দিকে পরিচালনা করাকে কী বলে?

২৫) স্যামসন এইচ চৌধুরী মারা যান কত সালে?

২৬) একজন আদর্শ বিক্রয়কর্মীর ভদ্রতা, নম্রতা ও মার্জিত ব্যবহার কোন গুণাবলির অন্তর্ভূক্ত?

২৭) ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালনকে কী বলা হয়?

২৮) সংগঠন ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন স্তর?

২৯) গোলাপজল তৈরি কোন শিল্পের অন্তর্গত?

৩০) তৈজসপত্র ও পুতুল তৈরি কোন ধরনের শিল্প?